# ইসলামাবাদ আলোচনায় সমঝোতা হয়নি: জেডি ভ্যান্স



মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স। ছবি: সংগৃহীত

মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স জানিয়েছেন, দীর্ঘ সময় ধরে আলোচনা চললেও যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে কোনো চূড়ান্ত সমঝোতা হয়নি।

পাকিস্তানের রাজধানী ইসলামাবাদে 'ইসলামাবাদ টকস' শিরোনামে শনিবার বিকেল থেকে শুরু হয়ে রবিবার পর্যন্ত টানা প্রায় ২১ ঘণ্টা বৈঠক অনুষ্ঠিত হয়।

সংবাদ সম্মেলনে ভ্যান্স বলেন, দীর্ঘ আলোচনায় একাধিক গুরুত্বপূর্ণ বিষয় উঠে এসেছে, যা ইতিবাচক দিক। তবে এখনো কোনো চুক্তিতে পৌঁছানো সম্ভব হয়নি এটাই বড় বাস্তবতা।

তিনি আরও জানান, যুক্তরাষ্ট্র তাদের অবস্থান স্পষ্টভাবে তুলে ধরেছে—কোন বিষয়ে ছাড় দেওয়া সম্ভব এবং কোন ক্ষেত্রে নয়। কিন্তু ইরানের প্রতিনিধিরা এসব শর্তে সম্মত হয়নি।

LENS ASIA